# উপজেলা পরিষদ

কচুয়া, চাঁদপুর।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

বিষয় ঃ কচুয়া উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ জনাব সুলতানা খানম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ঃ ২৬/১০/২০২১খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সদস্যবৃন্দ ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পৃথক রেজিষ্টারে সংরক্ষণ করা হয়েছে এবং পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বর্তমান মহামারী কালীন সময়ে দেশে বিদেশে করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু বরণকারী সর্বস্তরের সকলের রুহের মাগফেরাত কামনা করা হয় ও একটি শোক প্রস্তাব আনায়ন করলে শোক প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সকল অনুচ্ছেদ সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল বিভাগঃ<br>উপজেলা প্রকৌশলী, কচুয়া, চাঁদপুর সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের অধীনে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা চাওয়া হয় সকল ইউনিয়নের পরিষদের চেয়ারম্যানগণের কাছ থেকে। জরুরিভিত্তিতে তালিকা দাখিলের জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের অধীনে বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা অতিজরুরি ভিত্তিতে দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কচুয়া, চাঁদপুর। |
| ২ | স্বাস্থ্য ও প.প বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। করোনার প্ররিস্থিতি এখন কিছুটা ভাল। আগামী ২৮/১০/২০২১খ্রিঃ হতে ৩০/১০/২০২১খ্রিঃ পর্যন্ত শুরু হবে বিভিন্ন ইউনিয়নে করোনার টিকা। 'আসুন সবাই মাস্ক পরি, করোনামুক্ত বাংলাদেশ গড়ি'। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প বিভাগ কচুয়া, চাঁদপুর। |
| ৩ | কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। এখন রবি সৃজন। আলুর দাম কম থাকায় কৃষক এখন অনেক বিপাকে। সরিষা, ভুট্টা, গম, মসারির ডাল ও বিভিন্ন প্রকার শাক সবজির বীজ আমাদের সংরক্ষনে চলে আসছে। এখর লতির দাম ভাল। এই জন্য কৃষকদেরকে লতি চাষ করার জন্য সভার মাধ্যমে বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার কচুয়া, চাঁদপুর |
| ৪ | মৎস্য বিভাগঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কচুয়া, চাঁদপুর। |
| ৫ | প্রাণিসম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। খামার পরির্দশন, গবাদি পশুর টিকাসহ হাস-মুরগি খামার ব্যবস্থাপনা ও চিকিৎসাসেব মোটা মুটি ভাল ভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কচুয়া, চাঁদপুর। |
| ৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তার সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। বিল্যালয়ে ক্ষুদ্র মেরামতের কাজ সঠিকভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার কচুয়া, চাঁদপুর। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ০১নং সাচার ইউনিয়নে ১০ টি, ০৬নং কচুয়া(উত্তর) ইউনিয়নে ৬টি এবং ৮নং কাদলা ইউনিয়নে ৪ সর্বমোট ২০ টি ঘর ভূমিহীন ও গৃহহীন মাঝে বসত ঘর প্রদান করা হবে সভায় জানান। বাংলাদেশে কেউ ভূমিহীন ও গৃহহীন থাকবে না মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠুধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর। |
| ৮ | সমাজ সেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থবছরে সর্বমোট ১৩১২টি অসচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গিয়াছে। সংশ্লিষ্ট বরাদ্দ সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় বিভাজন করে দেওয়া হয়েছে বলে সভায় জানান। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যাগণকে দ্রুত প্রতিবন্ধীর তালিক দেওয়ার জন্য অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠুধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর। |
| ৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠুধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কচুয়া, চাঁদপুর। |
| ১০ | পরিসংখ্যান বিভাগঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠুধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান বিভাগ কচুয়া, চাঁদপুর। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ ঃ-<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান আগামী ১ নভেম্বর/২০২১খ্রিঃ জাতীয় যুব দিবস। সারাদেশের ন্যায় কচুয়া উপজেলায়ও জাতীয় যুব দিবস উদযাপনের ব্যাপক কর্মসূচী গ্রহন করা হয়েছে। কর্মসূচীর মধ্যে রয়েছে আলোচনা সভা, যুব ঋন বিতরন, যুব পুরস্কার বিতরন। তাছাড়া যুব ঋন ও প্রশিক্ষণ লক্ষমাত্রা যথাযথভাবে অর্জিত হয়েছে। তিনি সভায় জানান যে, ঋণ খেলাপি আদায় করা হচ্ছে। | জাতীয় যুব দিবস সুষ্ঠ ও সুন্দরভাবে উদযাপনের লক্ষে সকলকে সহযোগিতা করার অনুরোধ করা হয় এবং উক্ত কর্মসূচীতে অংশ গ্রহনের জন্য সকলকে আমন্ত্রন করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কচুয়া, চাঁদপুর। |
| ১২ | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠুধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কচুয়া, চাঁদপুর। |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ<br>উপ-সহকারী প্রকৌশলী কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। পানি সরবরাহ ও আর্সেনিক মুক্ত গভীর নলকূপের কাজ চলমান আছে। | সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠুধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, কচুয়া, চাঁদপুর |
| ১৪ | সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। সমবায় সমিতির অডিট, মাসিক সভা, সধারণ সভা ও আশ্রয়ন প্রকল্পের ঋন ও বিভিন্ন কার্যক্রম সুষ্ঠমত চলছে। | কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কচুয়া, চাঁদপুর। |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সেলাই প্রশিক্ষণ, বলক বাটিক ও বিউটিসিয়ানের প্রশিক্ষণ কার্যক্রম যথারিতি চলমান। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠুধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর। |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | বন বিভাগ ঃ উপজেলা ফরেষ্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। মাননীয় এমপি মহোদয়ের ৫০০০টি চারা সংরক্ষিত আছে। চারাগুলো বিতরণ করার জন্য মাননীয় এমপি মহোদয়ের পরামর্শক্রমে উপজেলা চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেস্টার বন বিভাগ কচুয়া, চাঁদপুর। |
| ১৭ | খাদ্য বিভাগ ঃ<br>উপজেলা খ্যাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কচুয়া, চাঁদপুর |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | আনসার ও ভিডিপি বিভাগ, কচুয়া, চাঁদপুর। |
| ১৯ | বিএডিসি সেচ বিভাগঃ<br>উপ-সহকারী প্রকৌশলী কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপ-সহঃ প্রকৌঃ বিএডিসি সেচ বিভাগ,কচুয়া, |
| ২০ | পল্লী উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অক্টোবর/২১ মাসে ভর্তিকৃত সদস্যর সংখ্যা ১৮ জন, সঞ্চয় আমানত আদায় ১.০৭, শেয়ার আদায় ০.১১, ঋণ সহায়তা প্রদান ২৩.৮৭, ঋণ গ্রহীতা সদস্য ৭১ জন, ঋণ আদায় ১৯.১১, মাঠে বকেয়া ১৭২.৯০, মেয়াউত্তীর্ন খেলাপী ৮০.৬৩। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর। |
| ২১ | পল্লী বিদ্যুৎ বিভাগ ঃ<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কচুয়া, চাঁদপুর সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠও স্বাভাবিকভাবে চলছে। সভার পক্ষ হতে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদে সার্বক্ষনিক অর্থাৎ ২৪ ঘন্টা নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সবরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ডিজিএম পল্লী বিদ্যুৎ অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | ডিজিএম,পল্লী বিদ্যুৎ সমিতি, কচুয়া। |
| ২২ | আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ<br>সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কচুয়া, কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় ঋণ দান কার্যক্রম স্বাভাবিকভাবে বলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে কার্যক্রমের সুষ্ঠধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কচুয়া । |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এলজিডিঃ<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এলজিডি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্ত সক্ষমতা মূলক উপ-প্রকল্প ও অবকাঠামো উপ- প্রকল্প গুলো নিয়ে সভায় রিস্তারিত আলোচনা করেন।<br>ক্রঃনং — প্রস্তাবিত উপ-প্রকল্পের নাম<br>১. (ক) কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্যকর্মীদের কোভিড-১৯ সংক্রমন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ।<br>(খ) গর্ভকালীন ও নবজাতকের স্বাস্থ্য সুরক্ষায় ''মা'' এর করনীয় বিষয়ক প্রশিক্ষণ।<br>২. মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেনি শিক্ষকদের মাল্টিমিডিয়া ও কারিকুলাম বিষয়ক সক্ষমতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ।<br>৩. আলু এবং তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ।<br>৪. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকদের কর্মদক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ।<br>৫. বেকার যুব ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষে কম্পিউটারের দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ। | বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পগুলো অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানোর জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এলজিডি, কচুয়া, চাঁদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | ৬ আশেক আলী খান স্কুল এন্ড কলেজ, পালাখাল উচ্চ বিদ্যালয়, সাচার বহুমূখী উচ্চ বিদ্যালয়, আশারাফপুর আহসানিয়া উচ্চ বিদ্যালয়, সাচার ডিগ্রী কলেজ, চাঙ্গিনী নুরপুর উচ্চ বিদ্যালয়ে বেঞ্চ বিতরণ এবং কচুয়া শহীদ স্মৃতি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর একাডেমি ভবনের বাথরুম,বাথরুমের দেয়াল ও সেফটি ট্যাংক মেরামত। ১৬২নং ধনাইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংযোগ সড়ক পাকা করন, ১৬২নং ধনাইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংযোগ সড়ক পাকা করন, দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালরে সামনের রাস্তা পাকা করন । | | |
| ২৪ | ক) উপজেলা পরিষদের জীপ গাড়ির মবিল পরিবর্তন বিল পরিশোধ সংক্রান্তঃ<br>উপজেলা পরিষদের জীপগাড়ি চালক এর মৌখিব আবেদনের আলোকে জীপগাড়ি খানার মবিল পরিবর্তন কাজ সম্পন্ন করা শেষে সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠান থেকে বিল ভাউচারের দাখিলে প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদের ব্যবহৃত সরকারী জীপগাড়ির (চাঁদপুর ঘ-১১-০০২৬) মবিল পরিবর্তন বাবদ সর্বমোট ব্যয়= ৭,৬৩০/-(সাত হাজার ছয়শত ত্রিশ) টাকার বিল ভাউচার দাখিল করেন। তিনি উক্ত বিলের টাকা পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত বকেয়া বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধের জন্য সভায় অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান উপজেলা পরিষদ, কচুয়া চাদপুর এর ব্যবহৃত জীপগাড়ী নং চাঁদপুর ঘ-১১-০০২৬ এর মবিল পরিবর্তন বিল বাবদ মোট ব্যয় = ৭,৬৩০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া চাঁদপুর। |
| | খ) বীর মুক্তিযোদ্ধার গার্ড অব অনারে প্রদত্ত মুক্তিযোদ্ধা শ্রদ্ধাঞ্জলির বিলঃ<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, কচুয়া উপজেলায় গত অক্টোবর/২০২১ মাস পর্যন্ত মোট ০১(এক) জন বীর মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করাসহ উপজেলার পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলী প্রদান করা হয়। উক্ত শ্রদ্ধাঞ্জলী ক্রয় বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং শ্রদ্ধাঞ্জলী মরহুমের বাড়ি পৌছানোর সিএনজি স্কুটারের ৭০০/- ভাড়া ও দাফর শেষে কচুয়ায় ফিরে আসা বাবদ সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠান/ ব্যক্তির অনুকূলে বকেয়া রয়েছে। তিনি উক্ত বকেয়া বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে কচুয়া উপজেলাধীন ০২(দুই) জন বীর মুক্তিযোদ্ধার গার্ড অব অনারে উপজেলার পক্ষ থেকে প্রদত্ত শ্রদ্ধাঞ্জলী ক্রয় বাবদ ২,০০০/- এবং ক্রয়কৃত শ্রদ্ধাঞ্জলী মরহুমের বাড়ি পৌছানোর সিএনজি স্কুটারের ভাড়া বাবদ বকেয়া ৭০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া চাঁদপুর। |
| | গ) উপজেলা পরিষদের হলরুমের সাউন্ড সিস্টেম মেরামত ও মাইকসেট ক্রয় বিল অনুমোদনঃ<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের মিলনায়তনের সাউন্ড সিস্টেম নষ্ট হয়ে যাওয়ায় জরুরি ভিত্তিতে মেরামতসহ নতুন ১টি মাইক সেট ক্রয়, টিভি কার্ড ১টি, হ্যান্ড মাইক ২টি ক্রয় করা হয় এই খাতে ব্যয় হয় = ১৪,৫০০/- (চৌদ্ধ হাজার পাঁচশত) টাকার বিল বকেয়া রায়েছে। তিনি উক্ত বিলের টাকা পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত বকেয়া বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধের জন্য সভায় অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে মেরামত ও ক্রয় ও মেরামত খাতে ব্যয় ১৪,৫০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া চাঁদপুর। |
| | ঘ) উপজেলা নন-গেজেটেড কোয়াটার উপলতা-৪ বাসভবনের মেরামত বিল পরিশোধ সংক্রান্তঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নন-গেজেটেড কোয়াটার উপলতা-৪ বাসভবনের ফ্লোর টাইলস, হাই কমেট, বালু, পুটিং ইত্যাতি জরুরি ক্রয় ও মেরামত করা হয়। উক্ত ক্রয় ও মেরামত খাতে ব্যয় ১০,৩৩৫/-(দশ হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা সংশ্লিষ্ট ব্যক্তি/সেবাদানকারী প্রতিষ্ঠানের অনুকূলে বকেয়া রয়েছে। তিনি উক্ত বকেয়া বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা নন-গেজেটেড কোয়াটার উপলতা-৪ বাসভবন ক্রয় ও মেরামত খাতে ব্যয় ১০,৩৩৫/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া চাঁদপুর। |

| | | |
|---|---|---|
| ঙ) উপজেলা নন-গেজেটেড কোয়াটার উপলতা-২ বাসভবনের মেরামত বিল পরিশোধ সংক্রান্তঃ<br>উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা নন-গেজেটেড কোয়াটার উপলতা-২ বাসভবনের হাই কমট, পুটিং, বালু, ইট, কনা, সিমেন্ট, রং করন, গ্রীল ওয়ারিং এবং কিছু ইলিক্ট্রেনিক্স মালামল ক্রয় এবং স্যানিটারী মালামল ক্রয় হয়। এ খাতে ব্যয় ২৩,৬৫০/- (তেইশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠান/ ব্যক্তির অনুকূলে বকেয়া রয়েছে। তিনি উক্ত বকেয়া বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে ক্রয় ও মেরামত খাতে ব্যয় = ২৩,৬৫০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া চাঁদপুর। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে বর্তমানে কোভিড -১৯ এর প্রাদুর্ভাবজনিত বৈশ্বিক মহামারীকালে সরকার কর্তৃক জারিকৃত সকল নির্দেশনা মেনে চলার অনুরোধ জানান।

অদ্যকার সভায় আর কোন আলোচনা উত্থাপিত না হওয়ায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২১

(সুলতানা খানম)
সভাপতি
ও
২৬/১০/২১ চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।

স্মারক নং- ৪৬.০০.১৩৫৮.০০.০৬.০০২.২১. ৪২৮ তারিখঃ ২৬/১০/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে।

১. মাননীয় সংসদ সদস্য, ২৬০-চাঁদপুর-১ নির্বাচনী এলাকা, কচুয়া, চাঁদপুর ও উপদেষ্টা।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, চাঁদপুর।
৫. উপসচিব, উপজেলা -২ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মেয়র, কচুয়া পৌরসভা, কচুয়া, চাঁদপুর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
৮. উপজেলা .................................................... কর্মকর্তা (সংশ্লিষ্ট), কচুয়া, চাঁদপুর।
৯. চেয়ারম্যান, .................................................... ইউপি(সকল), কচুয়া, চাঁদপুর।
১০. অফিস কপি।

২৬/১০/২০২১

(দীপায়ন দাস শুভ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
২৬/১০/২১ মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কচুয়া, চাঁদপুর।